



জ্ঞাতব্য তথ্য - প্রাইমারী স্কুল

বিশ্ব জলাতঙ্ক দিবস অনুষ্ঠানে অংশগ্রহণ করায় তোমাকে ধন্যবাদ।
এই জ্ঞাতব্য তথ্যগুলি প্রাইমারী স্কুলের ছাত্রদের জন্য।

এই শিক্ষার গুরুত্ব -

এই শিক্ষা ব্যাতিরেকে জলাতঙ্ক রোগ হইতে মৃত্যু কোনমতেই এড়ানো সম্ভব নয়। জলাতঙ্ক রোগ কি? কেন হয়? কি ভাবে প্রতিরোধ করা যায়? এবং এই রোগের অবশ্যস্বাভাবী ফল হিসাবে মৃত্যু যে ঘটবেই তাকে কি করে ঠেকানো যায়, তাহা জলাতঙ্ক রোগ সম্পর্কে সমূহ শিক্ষা ব্যাতিত সম্ভব নয়।

আমরা শিশুদের মাঝে জলাতঙ্ক রোগ সম্পর্কে শিক্ষা সঠিক ভাবে দিতে সক্ষম হলে তার মাধ্যমে তার পরিবারের সকল সদস্যদের মাঝে এবং প্রতিবেশীদের সমূহকে জ্ঞাতব্য প্রতিবিধান তথ্য পরিবেশনে সক্ষম হব।

এই শিক্ষার সুফলতা কি?

বিশ্ব জলাতঙ্ক দিবসে যোগদানের পরে ছাত্ররা জানতে পারবে -

- জলাতঙ্কের ভয়াবহতা।
- কি ভাবে জলাতঙ্ক হতে দূরে থাকা যায়।
- কি ভাবে কুকুর কামড়ানো এড়িয়ে থাকা যায়।
- কেমনভাবে জলাতঙ্ক প্রতিহত করা যায়।

এই শিক্ষার ফল কি?

এই শিক্ষার প্রশ্ন পত্রগুলি এইভাবেই সাজানো যে, শিক্ষার পূর্বে ও পরে মৌখিক ভাবে জিজ্ঞাসা করা যায় এবং খেলার ছেলে উত্তর নেওয়া যায়। ছাত্ররা শিক্ষার আগে ও পরে কি ভাবে উত্তর দিতে সক্ষম হয় তুমিও সেটা ঠিক করে রাখ। ছাত্রদের সংক্ষিপ্ত সময় অথবা প্রলম্বিত সময় কিভাবে স্মরণে থাকে, যে কিভাবে শিশুদের কুকুরে কামড়ানোর হার কমানো যায় এবং বেশি সংখ্যক পোষা কুকুরকে টিকাকরণ করা যায়, তাহা চিহ্নিত কর।

স্থায়ী শিক্ষা -

এই পাঠ্যক্রমটি শিশুদের জন্য জলাতঙ্ক রোগ সম্পর্কে সঠিক তথ্য এবং তাহার প্রতিকারের উপায়। তাদের মধ্য হতেই নূতনভাবে উন্মোচন যাহাতে হতে পারে সেই ভাবেই সাজানো হয়েছে।

এই পাঠ্যক্রম ছাত্রদের বিভিন্ন পদ্ধতির মধ্য দিয়ে সারা পৃথিবী ব্যাপী বিশ্ব জলাতঙ্ক দিবস সম্পর্কে আকর্ষিত এবং অবহিত করা হয়েছে।

শিক্ষার বিশেষ বিশেষ অংশগুলি নাটকীয় পদ্ধতিতে ছাত্রদের দ্বারাই তাদের স্মরণে রাখার জন্য উপস্থাপিত কর। এর মাধ্যমে এই নাটকীয় প্রভাবে ছাত্রদের অংশগ্রহণের ভূমিকায়, জলাতঙ্ক সম্পর্কে তাদের স্থায়ী দীর্ঘকালীন ছাপ থাকবে।

কুকুর যে শুধুমাত্র আক্রমণাত্মক জন্তু নয়, সেও যে এক ভালো পোষ্য হতে পারে যতক্ষণ না ছাত্ররা সচেতন ভাবে তাহা গ্রহণ করে ততক্ষণ তাদের ছেড়ে দিও না।

শিক্ষার প্রয়োজনভিত্তিক উপাদান -

- তোমার চাই এক কম্পিউটার ও স্ক্রীন সহ কক্ষ।
- তোমাকে দৃষ্টি আকর্ষক এবং উৎসাহব্যাঞ্জক দ্রব্যের মাধ্যম দিয়া তাদের উৎসাহিত করবে, এবং কি ফলাফল হয় তাহা লিপিবদ্ধ করিতে হইবে।
- তুমি তার জন্য পাবে কিছু রঙিন পোষ্টার ছবি ও আনুষঙ্গিক কার্যচালিত দ্রব্য।